অবতরণিকা

বাজেট দলিলাদির অন্যতম অনুষঙ্গ হিসেবে 'বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা' প্রতিবছর জাতীয় সংসদের বাজেট অধিবেশনে উপস্থাপন করা হয়। এতে দেশের সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতি ও অর্থনীতির খাতসমূহের হালনাগাদ অগ্রগতির বিস্তারিত বিবরণ সন্নিবেশ করা হয়। এ ধারাবাহিকতায় 'বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা-২০১৯' (বাংলা সংস্করণ) প্রকাশ করা হলো। পাশাপাশি, এ বছরই প্রথম এ সমীক্ষার ইংরেজি সংস্করণ একই সাথে প্রকাশ করা হলো।

২। ১৫টি অধ্যায়যুক্ত সমীক্ষাটিতে ৩টি ভাগ রয়েছে। প্রথম ভাগে সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতি বিশদভাবে বর্ণনা করা হয়েছে। এতে দেশজ উৎপাদ, সঞ্চয় ও বিনিয়োগ; মূল্য, মজুরি ও কর্মসংস্থান; রাজস্ব নীতি ও ব্যবস্থাপনা; মুদ্রা ব্যবস্থাপনা ও বাজার উন্নয়ন এবং বহিঃখাত সংক্রান্ত বিষয়াবলী সম্পর্কে বিস্তারিত বিবরণ দেয়া হয়েছে। বিভিন্ন খাতভিত্তিক বিষয়াদির পূর্ণাঙ্গ পর্যালোচনা তুলে ধরা হয়েছে দ্বিতীয় ভাগে। এখানে অর্থনীতির উৎপাদনমুখী খাত হিসেবে কৃষি, শিল্প, বিদ্যুৎ ও জ্বালানি, পরিবহণ ও যোগাযোগ এবং রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলোর বিস্তারিত বর্ণনা করা হয়েছে। শেষ ভাগে অগ্রাধিকার খাত হিসেবে মানবসম্পদ উন্নয়ন, দারিদ্র্য বিমোচন, বেসরকারি খাত উন্নয়ন এবং পরিবেশ উন্নয়ন ও জলবায়ু পরিবর্তন সংক্রান্ত বিষয়াদি সম্পর্কে সরকারের বিভিন্ন উদ্যোগ ও কার্যক্রমের বিস্তারিত বিবরণ উপস্থাপন করা হয়েছে।

৩। মহান জাতীয় সংসদে বাজেট উপস্থাপনার পূর্বেই বাংলা ও ইংরেজি সংস্করণ একই সাথে প্রকাশ করায় সময় স্বল্পতার কারণে প্রণীত সমীক্ষাটিতে কিছুটা ভুল-ত্রুটি থাকতে পারে। অনিচ্ছাকৃত ও অনাকাঙ্ক্ষিত এসব ভুল-ভ্রান্তির সংশোধনসহ প্রকাশনাটির গুণগত মানোন্নয়নে সংশ্লিষ্ট সকলকে সুচিন্তিত মতামত/পরামর্শ প্রদানের আহবান করছি। প্রত্যাশা করি অগণিত পাঠক, গবেষক, নীতিনির্ধারক, শিক্ষার্থী সকলের কাছে সমীক্ষাটি একটি গুরুত্বপূর্ণ তথ্যবহুল দলিল হিসেবে বিবেচিত হবে।

৪। নির্ধারিত সময়ের মধ্যেই সমীক্ষাটি প্রকাশ করায় অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগের সকলকে আন্তরিক অভিবাদন জানাচ্ছি। এছাড়া, প্রয়োজনীয় সকল উপকরণ সরবরাহ করে সমীক্ষাটি প্রকাশে সার্বিক সহায়তার জন্য সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার নিকট কৃতজ্ঞতা প্রকাশ করছি।

আব্দুর রউফ তালুকদার
সচিব
অর্থ বিভাগ